PG Even Semester (CBCS) Exam., May—2017

বাংলা

(2nd Semester)

পাঠক্রম নং : BNGOC–203

(বাংলা সাহিত্য ও সংস্কৃতি)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। লোকসাহিত্যের সংজ্ঞা নির্দেশ করে এর বৈশিষ্ট্যগুলি নিরূপণ করো। ২+১২=১৪

২। অঞ্চল অনুসারে বাংলা লোকসঙ্গীতের শ্রেণিবিভাগগুলির উল্লেখ করে লোকসঙ্গীতের কয়েকটি ধারার পরিচয় দাও। ৪+১০=১৪

খ—গুচ্ছ

৩। কৃত্তিবাসের জন্মস্থান কোথায় ছিল? কৃত্তিবাসের মাতা-পিতার নাম লেখো। কৃত্তিবাসের 'রামায়ণ'-এ বাঙালি জীবনের যে পরিচয় পাওয়া যায় তার স্বরূপ বিশ্লেষণ করো। ১+২+১১=১৪

৪। আর্য মহাকাব্যের তালিকায় ভারতীয় কোন্ কোন্ মহাকাব্য গৃহীত? বাংলা ভাষায় 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে?

''মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥''

মহাজন-উক্তির আলোকে কাশীদাসী 'মহাভারত'-এর মর্ম বৈশিষ্ট্য আলোচনা করো। ২+১+১১=১৪

গ—গুচ্ছ

৫। 'বাংলার নবজাগৃতি' গ্রন্থটি কার লেখা? বাংলার নবজাগরণের সফলতা ও বিফলতার কারণগুলি নিয়ে তোমার সুস্পষ্ট অভিমত ব্যক্ত করো। ১+১৩=১৪

৬। বিধবাবিবাহ আইন কবে প্রচলন হয়েছিল? ''বাংলা সাহিত্যের সমৃদ্ধ উৎকর্ষ ও বিশ্বময়ী সিদ্ধির মূলে যে রহস্য ক্রিয়াশীল ছিল এককথায় তার নাম রেনেসাঁস।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১৩=১৪

ঘ—গুচ্ছ

৭। রবীন্দ্রনাথ কত সালে নোবেল পুরস্কার পান? তাঁর স্ত্রীর নাম উল্লেখ করো। পল্লী-প্রকৃতির বৈচিত্র্য কবিগুরুর সাহিত্য জগতকে সমৃদ্ধ করেছে। রবীন্দ্রনাথের ছোটগল্প অনুসরণ করে বিষয়টি আলোচনা করো। ১+১+১২=১৪

৮। রবীন্দ্রনাথের দুটো নাটকের নাম উল্লেখ করো যেখানে সঙ্গীতের ব্যবহার আছে। রবীন্দ্রনাথের সৃষ্টি বিশ্বের মধ্যে গানের ভূমিকা স্বতন্ত্রভাবে চিহ্নিত। রবীন্দ্রসাহিত্যে সঙ্গীতের ভূমিকা আলোচনা করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। চলচ্চিত্র-বিষয়ক দুটো বাংলা গ্রন্থের নাম লেখো। 'মিশ্র শিল্প' হিসাবে চলচ্চিত্রের স্বরূপ আলোচনা করো। ২+১২=১৪

১০। সত্যজিৎ রায়ের প্রথম ও শেষ ছবি দুটির নাম করো। অন্তত তিনটি দৃষ্টান্ত সহযোগে বাংলা উপন্যাসের চলচ্চিত্রায়ন বিষয়ে আলোচনা করো। ২+১২=১৪

★★★